

## 21392 - কাবা শরীফের গিলাফ, মুসহাফ ও হাজারে আসওয়াদ চুম্বন করার হুকুম কি?

### প্রশ্ন

কাবা শরীফের গিলাফ, হাজারে আসওয়াদ ও মুসহাফ চুম্বন করার হুকুম কি?

### প্রিয় উত্তর

কেবল হাজারে আসওয়াদ ছাড়া পৃথিবীর যে কোন স্থান চুম্বন করা বিদাত। যদি না হাজারে আসওয়াদকে চুম্বন করা নিছক অনুসরণ না হত তাহলে এটাকে চুম্বন করাও বিদাত হত। উমর (রাঃ) বলতেন: “নিশ্চয় আমি জানি যে, তুমি একটি পাথর ছাড়া আর কিছু নও; তুমি ক্ষতি বা উপকার কিছুই করতে পার না। যদি না আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তোমাকে চুমু খেতে না দেখতাম তাহলে আমিও তোমাকে চুমু খেতাম না।” এ কারণে কাবা শরীফের গিলাফগুলোকে চুম্বন করা কিংবা অন্যান্য পাথর কিংবা রূকনে ইয়ামেনীকে কিংবা মুসহাফকে চুম্বন করা নাজায়েয়। অনুরূপভাবে বরকত নেয়ার জন্য মোছন করাও নাজায়েয়; যদি সেটি নিছক ইবাদত হিসেবে করা হয়।